এরশাদকে দাফন রংপুরেই

জাতীয় পার্টির চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদকে তার নিজ জেলা রংপুরেই দাফন করার সিদ্ধান্ত নিয়েছে দলটি।

এরশাদের রংপুরের বাসভবন পল্লীনিবাসের পাশে তার হাতে গড়া লিচুবাগানে তাকে সমাহিত করা হবে।

মঙ্গলবার বাদ জোহর রংপুর কালেক্টরেট মাঠে এরশাদের চতুর্থ জানাজা শেষে এ ঘোষণা দেন জাতীয় পার্টির ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও এরশাদের ভাই জিএম কাদের।

জিএম কাদের বলেন, ভাবি (রওশন এরশাদ) বিভিন্ন কারণে চাচ্ছিলেন তাকে ঢাকায় দাফন করতে। তবে রংপুরের মানুষের আবেগ ও ভালোবাসার কারণে সর্বসম্মতভাবে আমরা তাকে এখানেই সমাহিত করার সিদ্ধান্ত নিয়েছি।

রওশন এরশাদও এ সিদ্ধান্তে সম্মতি দিয়েছেন বলে দলীয় সূত্রে জানা গেছে।

এর আগে মঙ্গলবার বাদ জোহর বেলা আড়াইটায় রংপুরের কালেক্টরেট ঈদগাহ ময়দানে এরশাদের চতুর্থ জানাজা অনুষ্ঠিত হয়। কালেক্টরেট ঈদগাহ ময়দানে ঢল নামে নেতাকর্মীসহ সর্বস্তরের জনতার।

জানাজার আগে বক্তব্য দেন জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের, মহাসচিব মশিউর রহমান রাঙ্গা, রংপুর সিটি মেয়র মোস্তাফিজার রহমান মোস্তফা ও এরশাদ পুত্র স্বাদ প্রমুখ।

জানাজা শেষে লাশবাহী গাড়ি মাঠ ছেড়ে যেতে চাইলে নেতাকর্মীরা বাধা দেন। তারা এরশাদকে রংপুরে দাফনের দাবিতে সেখানেই অবস্থান নেন। তবে বাধা ঠেলেই লাশ এরশাদের বাসভবন পল্লী নিবাসে নিয়ে যাওয়া হয়।

মঙ্গলবার বেলা ১১টা ৫২ মিনিটে ঢাকা থেকে হেলিকপ্টারে করে রংপুরে এরশাদের মরদেহ নিয়ে যাওয়া হয়।